# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 03-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

(১) রাজ্যের দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেবার আর মাত্র একদিন বাকি থাকা অবস্থায় আজ তেরোজন প্রার্থীর মনোনয়ন পত্র দাখিল। মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য ও সাংসদ কৃপানাথ মালাহ্’র যথাক্রমে শিলচর ও করিমগঞ্জ আসনের জন্য বিজেপি প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা/

(২) রাজ্যের বিভিন্ন স্থানে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য নির্বাচনী প্রচার অব্যাহত/

এবং

(৩) গুয়াহাটিতে কংগ্রেস দলের পঞ্চ ন্যায়পত্র প্রকাশ/

---------------------------------------------------------------------------

রাজ্যে দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬শে এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য আজ আরো তেরোজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র দাখিল করেছেন । এইনিয়ে এই পর্যায়ে এপর্যন্ত মোট ২৪ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

বরাক উপত্যকার দুটি লোকসভা আসনে আজ মোট তিনটি মনোনয়ন পত্র জমা পড়েছে । শিলচর লোকসভা আসনে প্রধান দুটি রাজনৈতিক দল বিজেপি

ও কংগ্রেসের প্রার্থীরা আজ তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এই আসনে বর্তমানে রাজ্যের আবগারি, মৎস্য ও পরিবহণ মন্ত্রী তথা ধলাই বিধানসভা আসন থেকে নির্বাচিত বিধায়ক পরিমল শুক্লবৈদ্য আজ তার মনোনয়ন পত্র দাখিল করেছেন । তার এই মনোনয়ন পত্র প্রদানের সময় রাজ্যের মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা, বিজেপি'র রাজ্য সভাপতি ভবেশ কলিতা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন । মনোনয়ন পত্র প্রদানের পর মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বিজেপির কাছাড় জেলা কমিটির উদ্যোগে শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত এক নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন । জনসভায় মুখ্যমন্ত্রী বেশ কয়েকটি প্রতিশ্রুতি প্রদান করে বলেন যে- ২০২৬ সালের আসাম বিধানসভা নির্বাচনের আগে শিলচর-সৌরাষ্ট্র মহাসড়কের কাজ সম্পন্ন হবে । এছাড়া রাজ্যের আগামী বিধানসভা নির্বাচনের আগে আসামের প্রতিটি পরিবারের প্রধান বা উপার্জনকারী ব্যক্তির নামে রাজ্যসরকারের পক্ষ থেকে জীবনবীমা করে দেওয়া হবে, যা যেকোনো ধরণের দুর্ঘটনায় পরিবারকে সাহায্য করবে । এছাড়া ২০২৬ সালের আগে আসাম সরকারের পূর্বঘোষিত একলক্ষ চাকুরি প্রদানের নির্ধারিত লক্ষ্যের থেকেও আরো বেশি অর্থাৎ দেড়লক্ষ চাকুরি প্রদান করা হবে বলেও তিনি প্রতিশ্রুতি দিয়েছেন । বিজেপি দলের এই প্রবীণ নেতা লোকসভা নির্বাচনের প্রচার করতে গিয়ে আরো বলেন যে- জাগীরোডের কাগজকলের মতো পাঁচগ্রাম কাগজ কলেও রাজ্যসরকারের পক্ষ থেকে শিল্প গড়ে তোলা হবে । আজকের এই নির্বাচনী জনসভায় শিলচর আসনের বিজেপি প্রার্থী ও রাজ্যের মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য, তিন বিধায়ক- দীপায়ন চক্রবর্তী, কৌশিক রাই, মিহির কান্তি সোম এবং প্রাক্তন বিধায়ক দিলীপ পাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

এদিকে শিলচর আসনে কংগ্রেস প্রার্থী সূর্যকান্ত সরকার আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । তার মনোনয়ন পত্র জমা দেবার সময় দুই বিধায়ক মিসবাউল ইসলাম লস্কর ও খলিল উদ্দিন মজুমদার সহ রাজ্য বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনূল হক লস্কর, প্রাক্তন বিধায়ক আতাউর রহমান মাঝারভুইয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।

এদিকে করিমগঞ্জ লোকসভা আসনে বিজেপি প্রার্থী ও বর্তমানে করিমগঞ্জ লোকসভা আসনের সদস্য কৃপানাথ মালাহ্ আজ তার মনোনয়ন পত্র দাখিল করেছেন । মুখ্যমন্ত্রী তথা রাজ্য বিজেপি'র প্রবীণ নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মার উপস্থিতিতে শ্রী মালাহ্ করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্যালয়ে তার মনোনয়ন জমা দিয়েছেন । ডঃ শর্মা ছাড়াও দলের রাজ্য সভাপতি ভবেশ কলিতা, জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্জ, আসাম রাজ্য পরিবহণ নিগমের অধ্যক্ষ মিশন রঞ্জন দাস, দুই বিধায়ক কৃষ্ণেন্দু পাল ও বিজয় মালাকার সহ অন্যান্যরা তার সঙ্গে ছিলেন । এর আগে বিজেপি'র করিমগঞ্জ জেলা কমিটির উদ্যোগে করিমগঞ্জ কলেজের খেলার মাঠে আয়োজিত এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে ডঃ শর্মা বরাক উপত্যকার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে জাতি ধর্ম ও দলীয় মতামতের উর্দ্ধে উঠে তার দলীয় প্রার্থীকে সমর্থন করার আহ্বান জানান ।

মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এরপর হাইলাকান্দি গিয়ে রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে আয়োজিত এক দলীয় কার্যকর্তা সম্মেলনে অংশগ্রহণ করেন । এই সম্মেলনে অংশ নিয়ে তিনি কেন্দ্রে ক্ষমতাসীন এন ডি এ সরকারের কাজকর্ম নিয়ে আলোচনা করেন । এতে লক্ষীপুরের বিধায়ক কৌশিক রাই, হাইলাকান্দি জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য, তপশিলি জাতি মোর্চার সভানেত্রী মুন স্বর্ণকার প্রমুখ উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য- এইনিয়ে শিলচর লোকসভা আসনে এপর্যন্ত ছ'টি এবং করিমগঞ্জ আসনে পাঁচটি মনোনয়ন পত্র জমা পড়েছে ।

---

এদিকে নগাঁও আসনে এ আই ইউ ডি এফ প্রার্থী আমিনুল ইসলাম আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । মনোনয়ন পত্র দাখিলের সময় তার সঙ্গে দলীয় সভাপতি বদর উদ্দিন আজমল তার সঙ্গে ছিলেন । ডিফু আসনে কংগ্রেস প্রার্থী জয়রাম ইংলেঙ আজ মনোনয়ন জমা দিয়েছেন । কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা তার সঙ্গে উপস্থিত ছিলেন । এদিকে ঐ লোকসভা কেন্দ্রের জন্য এ এস ডি সি প্রার্থী জৎসন বে' আজ মনোনয়ন পত্র দাখিল করেছেন । দরং-উদালগুড়ি আসনে বি পি এফ প্রার্থী তথা বিধায়ক দুর্গাদাস

বড়ো আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । উল্লেখ্য- দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন হচ্ছে আগামীকাল । আগামী শুক্রবার মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে । এবং আটই এপ্রিল হচ্ছে মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন । এই পর্যায়ে শিলচর, করিমগঞ্জ সহ নগাঁও, ডিফু এবং দরং-উদালগুড়ি আসনে ভোট নেওয়া হবে ।

----------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন স্থানে আজ শাসক বিজেপি মিত্রজোট সহ অন্যান্য রাজনৈতিক দলগুলি প্রচার চালায় । অর্থমন্ত্রী অজন্তা নেওগ যোরহাট আসনের প্রার্থী তপন কুমার গগৈর সমর্থনে আজ বেশকয়েকটি প্রচার সভায় অংশ নেন । এই সভাগুলিতে বিধায়ক হিতেন্দ্র নাথ গোস্বামী ছাড়াও বিজেপি ও অসম গণ পরিষদের বেশকয়েকজন প্রবীণ নেতা অংশ নেন । এদিকে যোরহাট আসনের বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী গৌরব গগৈর ব্যাপক প্রচার অব্যাহত রয়েছে । আজ তিনি যোরহাটে ছটি নির্বাচনী সভায় অংশ নেন । ডিব্রুগড় লোকসভা আসনের বিজেপি প্রার্থী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ নাহারকাটিয়া বিধানসভা কেন্দ্রে প্রচার চালান ।
চিরাং জেলার বিভিন্ন অঞ্চলে আজ কোকরাঝার আসনের বিজেপি ,অগপ এবং ইউপিপিএল মিত্রজোটের প্রার্থী জয়ন্ত বসুমাতারীর সমর্থনে মোটর সাইকেল র‍্যালী বের হয় । দলের কার্যকরী সভাপতি তথা রাজ্যসভার সাংসদ রনগৌরা নার্জারী র‍্যালীর সূচনা করেন । কংগ্রেস দলের সভাপতি ভূপেন বরা আজ ডিফুতে দলের সমর্থকদের সঙ্গে সাক্ষাৎ করেন । শোণিতপুর লোকসভা আসনের বিপিএফ প্রার্থী রাজু দেওরী গহপুরে আজ নির্বাচনী প্রচার চালান । উল্লেখ্য শোণিতপুর লোকসভা আসনের বিজেপি রঞ্জিত দত্তের হয়ে আগামীকাল ঢেকিয়াজুলিতে মূখ্যমন্ত্রী প্রচার চালাবেন । এদিকে তৃতীয় পর্যায়ে অনুষ্ঠেয় বরপেটা আসনের নির্বাচনের জন্য আজ সি পি আই এমের প্রার্থী মনোরঞ্জন তালুকদার প্রচার অভিযান চালান ।

----------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতির সঙ্গে জড়িত বিভিন্ন বিষয় পর্যালোচনা করার জন্য আজ বিকেলে দেশের ভিন্ন ভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের আইন বলবৎকারী সংস্থাগুলির সঙ্গে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এই বৈঠকে সামগ্রিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সহ অবৈধ কার্যকলাপ প্রতিহত করা, আন্তঃরাজ্য এবং আর্ন্তজাতিক সীমান্তে সতর্ক দৃষ্টি রাখা, বেআইনী সামগ্রী বাজেয়াপ্ত করা ইত্যাদি বিষয় সমূহ নিয়ে বিশেষভাবে আলোচনা করা হয়েছে । অনলাইন ব্যবস্থার মাধ্যমে অনুষ্ঠিত এই বৈঠকে আসাম থেকে রাজ্য সরকারের সচিব, পুলিশের সঞ্চালক প্রধান  এবং মুখ্য নির্বাচন আধিকারিক সহ উচ্চপর্যায়ের আধিকারিকগণ অংশ নিয়েছেন বলে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন । উল্লেখ্য- লোকসভা এবং বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে নির্বাচন কমিশন গতকাল দেশের ছ'টি রাজ্যের জন্য বিশেষ পর্যবেক্ষকের নিযুক্তি দিয়েছে । একসঙ্গে লোকসভা ও বিধানসভা নির্বাচন আয়োজন করা রাজ্যগুলির মধ্যে অন্ধ্রপ্রদেশ, ওড়িশা, পশ্চিমবঙ্গ, উত্তর প্রদেশ, মহারাষ্ট্র এবং বিহার রয়েছে । এদিকে নির্বাচন সম্পর্কিত ব্যয়ের বিষয়টি দেখাশোনা করার জন্য নির্বাচন কমিশন অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, উত্তর প্রদেশ এবং ওড়িশাতে একজন করে বিশেষ ব্যয় পর্যবেক্ষককে নিযুক্তি দেওয়া হয়েছে ।

---

কংগ্রেস দল লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে জনসাধারণের প্রতি পাঁচটি ন্যায় নিশ্চিত করার লক্ষ্যে ন্যায়পত্র বা গ্যারান্টি কার্ডের আনুষ্ঠানিক প্রকাশ করেছে । সে অনুসারে দলটি প্রত্যেক শিক্ষিত যুবক যুবতীকে নিশ্চিত নিযুক্তি প্রদানের মাধ্যমে যুবা প্রজন্মের প্রতি ন্যায় নিশ্চিতকরণের প্রতিশ্রুতি দিয়েছে । একইভাবে স্বামীনাথন কমিশনের পরামর্শবলী কার্যকরভাবে নিশ্চিত করার পদক্ষেপ হিসেবে কৃষকের প্রতি ন্যায় ,সামাজিক ও আর্থিক সমতার জন্য প্রতিটি জাতি - জনগোষ্ঠীর জনগণনার নিশ্চিতি হিসেবে অংশীদারীত্ব ন্যায়েরও দল প্রতিশ্রুতি দিয়েছে । প্রতিটি দরিদ্র পরিবারের একজন মহিলাকে বছরে এক লক্ষ টাকা প্রদানের লক্ষ্যে মহিলাদের জন্য ন্যায়  এবং শ্রমিকদের কম করেও ২৪ টাকা

দৈনিক মজুরী প্রদানের লক্ষ্যে শ্রমিকদের জন্য ন্যায় প্রদান করারও দল প্রতিশ্রুতি দিয়েছে ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত  তথা প্রশিক্ষণ এবং সচেতনতা সেল ,সংসদীয় নির্বাচন ২০২৪ এর ভারপ্রাপ্ত আধিকারিক এক নির্দেশ জানিয়েছেন যে ভোটকর্মীদের উপযুক্ত প্রশিক্ষণের জন্য একটি হেল্প ডেস্ক  ও প্রশিক্ষণ কেন্দ্র শিলচর সার্কিট হাউসের বিপরীতে কাছাড় সোয়েল  কনজারভেশন ডিভিশনের প্রথম তলায় স্থাপন করা হয়েছে । এই কেন্দ্রটি প্রতি সোমবার থেকে শনিবার সকাল ১০ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত পুনরাদেশ না দেওয়া পর্যন্ত খোলা থাকবে । এই কেন্দ্রে প্রশিক্ষণ নিতে ইচ্ছুক ভোটকর্মীদের ই ভি এম /ভি ভি প্যাটের প্রশিক্ষণ দেওয়ার জন্য নিযুক্তিপ্রাপ্ত প্রশিক্ষকদের নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে কাছাড়ের নির্বাচনী আধিকারিক গতকাল এক পত্রে জানিয়েছেন যে ৮ নম্বর শিলচর লোকসভা ( তপশীলি ) আসনের জন্য নিযুক্তিপ্রাপ্ত সাধারণ পর্যবেক্ষক অনিল মেশ্রাম ও ব্যায় সংক্রান্ত পর্যবেক্ষক রাজকুমার ভি কেন্দ্রে আগামীকাল থেকে প্রতিদিন সকাল ৯ টা থেকে ১০ টা পর্যন্ত শিলচর আবর্ত ভবনে জনসাধারণের নির্বাচন সংক্রান্ত যেকোনো দাবী আপত্তি ইত্যাদি শুনবেন । বিস্তারিত জানতে জেনারেল অবজারভারের প্রোটোকল অফিসার তথা আসান বিশ্ববিদ্যালয়ের সহকারী নিবন্ধক অংশুমান দত্ত এব এক্সপেন্ডিচার অবজারবারের প্রোটোকল অফিসার তথা সি ডব্লিউ সির অ্যাকাউন্ট অফিসার বাপ্পাদিত্য পালের সঙ্গে যোগাযোগ করা যাবে ।

অন্যদিকে লোকসভা নির্বাচনের এমসিসি সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক এক নির্দেশে কাছাড় জেলার অধীন সব প্রিন্টিং প্রেসের মালিকদের জানিয়েছেন যে কোনো ধরণের নির্বাচনী প্রচারপত্র ,বিজ্ঞাপন ,পোস্টার ইত্যাদি  প্রকাশনী সংস্থার নাম ও ঠিকানা ছাড়া ছাপানো যাবে না এবং ছাপানোর পূর্বে প্রকাশককে তার দুই কপি স্বাক্ষর করা ছবি দুজন পরিচিত ব্যাক্তি দ্বারা

প্রত্যয়িত করে প্রিন্টারের কাছে জমা দিতে হবে । এ বিষয়ে  ভোটের প্রচারপত্র ,পোস্টার ইত্যাদি ছাপার কাজে জড়িত কাছাড় জেলার সব প্রিন্টিং প্রেস মালিকদের জেলা আয়ুক্তের কার্যালয়ের মডেল কোড অফ কন্ডাক্ট সেলের চার নম্বর কক্ষে তথ্যের দুকপি নমুনা জমা দেওয়ার অনুরোধ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনে হাইলাকান্দি জেলায় পোস্টাল ব্যালট পোলিং ডিউটিতে  নিয়োজিত সব মাইক্রো অবজারভার ,প্রিসাইডিং ,প্রিসাইডিং অফিসার এবং ফাস্ট পোলিং অফিসারদের তাদের ভোট দেবার জন্য আগামী পাঁচ এপ্রিলের মধ্যে পোস্টাল ব্যালট পেপার সেল থেকে ১২ নম্বর ফর্ম সংগ্রহ করার জন্য বলা হয়েছে । পোস্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক এক বিজ্ঞপ্তিতে এই আহ্বান জানিয়ে ফর্ম জমা দেবার সময় তাদের ভোটার আই ডি সঙ্গে নিয়ে আসার অনুরোধ জানিয়েছেন ।
এদিকে পোস্টাল ব্যালট পেপারে ভোটদানের পদ্ধতি সম্পর্কে নির্বাচিত প্রিসাইডিং অফিসার এবং ফাস্ট পোলিং অফিসারদের একদিবসীয় প্রশিক্ষণ আগামী ছয় এপ্রিল বেলা ১১ টায় হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে । নিযুক্তিপ্রাপ্ত মাস্টার ট্রেনাররা তাদের প্রশিক্ষণ দেবেন । পোস্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক এক বিজ্ঞপ্তিতে নিযুক্তিপ্রাপ্ত প্রিসাইডিং অফিসার পোলিং অফিসারদের ছয় এপ্রিল অনুষ্ঠেয় প্রশিক্ষণ কর্মসূচীতে উপস্থিত থাকতে নির্দেশ দিয়েছেন ।

অন্যদিকে আসন্ন লোকসভা নির্বাচনে হাইলাকান্দি জেলায় মাইক্রো অবজারভার হিসেবে নিযুক্তিপ্রাপ্ত জেলার বিভিন্ন রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কের আধিকারিক ,কর্মচারীদের একদিবসীয় প্রশিক্ষণ আগামী ৮ এপ্রিল বেলা ১১ টায় হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে  । মাইক্রো অবজারভার হিসেবে নিযুক্তিপ্রাপ্ত ব্যাঙক কর্মীদের প্রশিক্ষণে উপস্থিত থাকতে  হাইলাকান্দির অতিরিক্ত আয়ুক্ত তথা পোস্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নির্দেশ দিয়েছেন ।

----------------------------------------------------------------------

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ ( এন সি আর টি ) জানিয়েছে যে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকগুলি সময়মতো সরবরাহ করার জন্য পরিষদ সবধরণের প্রয়াস চালাচ্ছে । পরিষদ সব ছাত্র ছাত্রীকে ও অভিভাবকদের ধৈর্য্য ধরা সহ ভীত না হবার অনুরোধ জানিয়েছে ।উল্লেখ্য বহু রাজ্যে পরিষদের বই উপলব্ধ না হবার পরিস্থিতিতে এন সি আর টি কর্তৃপক্ষ এই আশ্বাস দিয়েছে ।

----------------------------------------------------------------------